

ত্রিধাবিভক্ত বেসরকারি প্রাথমিক শিক্ষকরা অবশেষে ঐক্যবদ্ধ হলেন

নতুন সভাপতি আমিনুল চৌধুরী মহাসচিব মুনছুর আলী

যুগান্তর রিপোর্ট

ত্রিধাবিভক্ত বেসরকারি প্রাথমিক শিক্ষকরা রোববার ঐক্যবদ্ধ কমিটি ও কর্মসূচি ঘোষণা করেছেন। জাতীয় প্রেস ক্লাবে এ উপলক্ষে কাউন্সিল অধিবেশন অনুষ্ঠিত হয়। এতে আমিনুল ইসলাম চৌধুরীকে সভাপতি ও মুনছুর আলীকে মহাসচিব করে ১১১ সদস্যের নতুন কমিটি ঘোষণা করা হয়।

কাউন্সিল অধিবেশনে প্রধান অতিথির বক্তৃতা করেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাবেক সভাপতি বিশিষ্ট যোগাযোগ বিশেষজ্ঞ অধ্যাপক আজামস আরেফিন সিদ্দিক। বিশেষ অতিথি ছিলেন ডোctor আল হোসেন ও বঙ্গবন্ধু রহমান। অনুষ্ঠানে বক্তৃতা করেন ঐক্য প্রক্রিয়ার আহ্বায়ক আবুবকর সিদ্দিক, নব নির্বাচিত সভাপতি আমিনুল ইসলাম চৌধুরী, মহাসচিব মুনছুর আলী, মোহিত চন্দ গোবিন্দ, আবদুল সাত্তার, হাবিবুর রহমান, মিসেস জেবুন নাহার, পুলতান আহমেদ প্রমুখ।

সার্বক্ষেপে সর্বমোট ২০ হাজার বেসরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে, যাতে ৯২ হাজার শিক্ষক কর্মরত আছেন। এর মধ্যে ১৯ হাজার প্রতিষ্ঠানের শিক্ষকরা বেতন-ভাতা পাচ্ছেন। বাকি ৪ হাজার প্রতিষ্ঠানের দশ সহস্রাধিক শিক্ষক বেতন পান না। বেসরকারি প্রাথমিক শিক্ষকদের মোট তিনটি সংগঠন ছিল। এগুলো হচ্ছে— আমিনুল ইসলাম চৌধুরী গ্রুপ, মুনছুর আলী গ্রুপ ও সামসুল আলম গ্রুপ। এ গ্রুপগুলোর এ জন করে প্রতিনিধি নিয়ে ১৫ জনের একটি নিয়াজী কমিটি করা হয়েছিল ১২ এপ্রিল। ওই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী রোববার কাউন্সিল অধিবেশন হয়। তবে শেষ পর্যন্ত

সামসুল আলম গ্রুপের শিক্ষকরা এতে যোগদান করেননি। এ ব্যাপারে ওই গ্রুপের আহ্বায়ক আবু কাসেম আবু জানান, নিজেদের মধ্যে সামান্য তুল ঝগড়াবুঝি হয়েছে। তারা নতুন কমিটি ও ঐক্য প্রক্রিয়ার সঙ্গে অছেন। শিগগিরই তারা ঐক্যবদ্ধভাবে কাজ করবেন। নাম প্রকাশ না করে নতুন কমিটির একজন নেতা জানান, নিয়াজী কমিটির সিদ্ধান্ত ছিল কেন অধিকতর শিক্ষক সংগঠনে কাজে পারবেন না। এ সিদ্ধান্ত কাউন্সিলে যোগদানকারী এক শীর্ষ নেতার মনোপূর্ত না হওয়ায় ওই অংশটি যোগদান করতে পারেনি। তবে কমিটিতে তাদের সবাইকে রাখা হয়েছে। ১১১ সদস্যের কমিটির অপর সদস্যদের মধ্যে রয়েছেন— সিনিয়র সহ-সভাপতি কোরকান আলী, আবু বকর সিদ্দিক, সিনিয়র যুগ্ম মহাসচিব মহিউদ্দিন খন্দকার ও মোশারফ হোসেন, সাংগঠনিক সম্পাদক হাবিবুর রহমান, জর্ন সম্পাদক রাজীব পোচন সরকার, দফতর সম্পাদক জ্যোতিষ মওল, প্রচার সম্পাদক মোহিত চন্দ গোবিন্দ, শিক্ষা সম্পাদক আবুল কালাম আজান, ক্রীড়া সম্পাদক গোলাম ফারুক সরকার, সমাজকল্যাণ সম্পাদক মুন্সির রহমান, কৃষি সম্পাদক এতাজ আলী, সংস্কৃতি সম্পাদক আমজাদ উদ্দিন, ধর্ম সম্পাদক নজরুল ইসলাম, তথ্য ও গবেষণা ওমর আলী তালুকদার, সাহিত্য সম্পাদক গোলাম মাওলা, আন্তর্জাতিক সম্পাদক আবদুল হালেক, মহিলা সম্পাদক মিসেস জেবুন নাহার শিরিন, মুক্তিযোদ্ধা সম্পাদক সাজ্জাহান সেখ, পরিকল্পনা মো. জাহেদ। এছাড়া কমিটিতে শিক্ষক : পৃষ্ঠা ২ : কলাম ৮